

সিডনীতে রিহাব মেলা ২০১১



আনিসুর রহমানঃ গত ২০,২১ ও ২২ মে ২০১১, সিডনীর অলিম্পিক পার্কে অনুষ্ঠিত হলো রিয়েল এস্টেট এন্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (REHAB) এর তিন দিন ব্যাপী মেলা। মেলা আয়োজকদের সিডনী প্রতিনিধি আল নোমান শামীম জানালেন বাংলাদেশ থেকে ৪৮টি প্রপার্টি ডেভেলপার সংগঠন এই মেলায় যোগদেয়। REHAB এর পরিসংখ্যান অনুযায়ী তিন দিনে প্রায় ৩০০০ সান্ত্ব্য ক্রেতা বা দর্শক মেলা পরিদর্শন করে। বিক্রীত ফ্ল্যাটের (ডেপজিট গ্রহন করা হয়েছে) আর্থিক মূল্য ২৬ কোটি টাকা। বিক্রয়ের যথেষ্ট সম্ভাবনা রয়েছে এমন ফ্ল্যাটগুলি ধরলে এ মূল্য দাঁড়াবে ১১৭ কোটি টাকায়। ১৯৯১ সালে মাত্র ১১টি সংগঠন নিয়ে REHAB প্রতিষ্ঠিত হয়। এর সদস্য এখন প্রায় এক হাজার। ২০০৪ সাল থেকে নিউ ইয়র্কে এই মেলা অনুষ্ঠিত হয়ে আসছে। অস্ট্রেলিয়ায় এই প্রথম।

মেলার সমাপনী উপলক্ষে গত ২৩শে মে, সোমবার, সন্ধ্যায় হ্যারিস পার্ক এর স্পাইস অব লাইফ রেস্টোরায়ে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশের গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী মাননীয় আব্দুল মান্নান খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রিহাবের সভাপতি সংসদ সদস্য নাসরুল হামিদ বিপু, সাধারণ সম্পাদক মুরাদ ইকবাল চৌধুরী এবং কনভেনর জহির আহমেদ। অনুষ্ঠানে নৃত্য পরিবেশন করেন অরিত্রি বড়ুয়া এবং সঙ্গীত পরিবেশন করেন স্থানীয় শিল্পী অমিয়া মতিন ও অতিথি শিল্পী শাকিলা জাফর। অনুষ্ঠানটি পরিচালনা করেন অভিজিত ও পিয়াসা বড়ুয়া। অনুষ্ঠানের পর ছিল র্যাফেল ড্র এবং রাতের খাবার।

